

## ভূমিকা :

মূল্য সংযোজন কর আইন, বিধিমালা, প্রজ্ঞাপনসমূহ এবং জারীকৃত আদেশসমূহ সংকলিত অবস্থায় পুষ্টকাকারে জাতীয় রাজস্ব বোর্ড ছাড়াও আইনজীবী ও লেখকগণ প্রকাশ করে বাজারে সহজপ্রাপ্য রাখছেন। কিন্তু আইন, আদেশ ও বিধানাবলী ক্ষেত্রে বিশেষে সাধারণে সহজবোধ্য নাও হতে পারে। অথচ স্বচ্ছ জ্ঞানের অভাবে অনেক করদাতা যথাযথভাবে কর প্রদান করতে পারেন না। করদাতা এবং ক্রেতা সাধারণকে কর প্রদান ও কর আদায় নিশ্চিত করতে ব্যাপকভাবে উদ্বৃদ্ধ করার লক্ষ্যে জাতীয় রাজস্ব বোর্ড সহজবোধ্যভাবে মূল্য সংযোজন কর, সম্পূরক শুল্ক, টার্গেটার কর ও আবগারী শুল্ক সম্পর্কীয় গুরুত্বপূর্ণ জ্ঞাতব্য বিষয়ে নিম্নবর্ণিত পুষ্টিকাসমূহ প্রণয়ন করেছে :

পুষ্টিকা নং-১	মূসক বিষয়ে সাধারণ জ্ঞাতব্য
পুষ্টিকা নং-২	নিবন্ধন
পুষ্টিকা নং-৩	টার্গেটার কর
পুষ্টিকা নং-৪	মূল্য ঘোষণা
পুষ্টিকা নং-৫	হিসাব পুষ্টক ও দলিলাদি সংরক্ষণ
পুষ্টিকা নং-৬	চালানপত্র
পুষ্টিকা নং-৭	উপকরণ কর রেয়াত ও সমন্বয়
পুষ্টিকা নং-৮	দাখিলপত্র
পুষ্টিকা নং-৯	ব্যবসায়ী পর্যায়ে মূসক
পুষ্টিকা নং-১০	মূসক ব্যবস্থায় ECR/POS ব্যবহার
পুষ্টিকা নং-১১	মূসক ব্যবস্থায় স্ট্যাম্প ও ব্যান্ডরোল ব্যবহার
পুষ্টিকা নং-১২	ব্যাংকিং ও নন-ব্যাংকিং এবং বীমা সেবার ক্ষেত্রে মূসক পরিশোধ
পুষ্টিকা নং-১৩	আমদানি পর্যায়ে মূসক পরিশোধ
পুষ্টিকা নং-১৪	মূসক ব্যবস্থায় রঙ্গানি কার্যক্রম
পুষ্টিকা নং-১৫	মূসক ব্যবস্থায় প্রত্যর্পণ কার্যক্রম
পুষ্টিকা নং-১৬	অপরাধ, শাস্তি ও আপীলের বিধান

জাতীয় রাজস্ব বোর্ড আশা করে যে, প্রকাশিত পুষ্টিকাসমূহ পাঠে করদাতা ও ক্রেতা সাধারণ মূল্য সংযোজন কর আইন ও প্রয়োগ বিষয়ে সচেতন হবেন এবং তা সরকারের রাজস্ব আদায়ে ইতিবাচক প্রভাব ফেলবে।

## নিবন্ধন

### ১। মূল্য সংযোজন কর নিবন্ধন কি?

মূল্য সংযোজন কর (মূসক) আরোপযোগ্য পণ্য উৎপাদনকারী বা ব্যবসায়ী বা সেবা প্রদানকারী বা যে কোন পণ্য বা সেবার আমদানিকারক বা রঙ্গানিকারককে সংশ্লিষ্ট করদাতা হিসাবে সন্মত করার জন্য সংশ্লিষ্ট এলাকার মূল্য সংযোজন কর বিভাগীয় কার্যালয় হতে একটি নম্বর প্রদান করা হয়। এটিই নিবন্ধন। যে পত্রের মাধ্যমে উক্ত নম্বর প্রদান করা হয় তাকে নিবন্ধনপত্র বলা হয়।

### ২। নিবন্ধিত হওয়া কাদের জন্য বাধ্যতামূলক?

- (ক) করযোগ্য পণ্য উৎপাদনকারী; যার বার্ষিক টার্গেটার ৬০ (ষাট) লক্ষ টাকা বা তার উর্বে;
- (খ) সে সব পণ্য উৎপাদনকারীর যাদের ক্ষেত্রে টার্গেটার নির্বিশেষে মূসক নিবন্ধন গ্রহণ বাধ্যতামূলক করা হয়েছে;
- (গ) করযোগ্য সেবা প্রদানকারী যার বার্ষিক টার্গেটার ৬০ (ষাট) লক্ষ টাকা বা তার উর্বে ;
- (ঘ) যে সব সেবা প্রদানকারীর ও যাদের ক্ষেত্রে টার্গেটারের পরিমাণ নির্বিশেষ মূসক নিবন্ধন গ্রহণ বাধ্যতামূলক করা হয়েছে:
- (ঙ) আমদানিকারক;
- (চ) রঙ্গানীকারক;
- (ছ) ব্যবসায়ী (পরিবেশক, পাইকারী ও খুচরা বিক্রেতা)।

### ৩। কখন, কোথায় নিবন্ধিত হতে হবে?

ব্যবসা (পণ্য উৎপাদন বা সেবা প্রদান বা কেনা-বেচা) শুরু করার পূর্বে মূসক নিবন্ধনের জন্য সংশ্লিষ্ট মূল্য সংযোজন কর বিভাগীয় কর্মকর্তার কার্যালয়ে “মূসক-৬” (পরিশিষ্ট-১) ফরমে আবেদন দাখিলের মাধ্যমে নিবন্ধন গ্রহণ করতে হবে। “মূসক-৬” ফরম সার্কেল/বিভাগীয় দণ্ডের থেকে সংগ্রহ করা যেতে পারে। নিবন্ধিত হওয়ার পর মূসক বিভাগীয় দণ্ডের থেকে মূসক নিবন্ধনপত্র “মূসক-৮” (পরিশিষ্ট-২) নিবন্ধিত ব্যক্তিকে প্রদান করা হয়। উল্লেখ্য, নিবন্ধন গ্রহণের ক্ষেত্রে কোন ধরণের ফি প্রদান করতে হয় না এবং নিবন্ধন নবায়নেরও কোন প্রয়োজন নেই।

**৪। নিবন্ধন আবেদনের সাথে কী কী তথ্য /দলিলাদি দাখিল করতে হবে?**

- (ক) মূল্য সংযোজন কর নিবন্ধনের আবেদন পত্র ফরম ‘মূসক-৬’ এ তথ্য সন্তুষ্টিশীল করে পেশ করা;
- (খ) হাল অর্থবৎসরের ট্রেড লাইসেন্স এবং জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত ছায়ালিপি;
- (গ) টি,আই,এন সার্টিফিকেট এর সত্যায়িত ছায়ালিপি;
- (ঘ) মালিক/ব্যবস্থাপনা পরিচালক এর পাসপোর্ট সাইজের দুই কপি সত্যায়িত ছবি;
- (ঙ) আমদানিকারকের ক্ষেত্রে নবায়িত আই,আর,সি এর সত্যায়িত ছায়ালিপি;
- (চ) রঞ্জনীকারকের ক্ষেত্রে নবায়িত ই,আর,সি এর সত্যায়িত ছায়ালিপি;
- (ছ) পণ্য উৎপাদনকারীর ক্ষেত্রে মূসক-৭ (পরিশিষ্ট-৩) এ উল্লিখিত তথ্য (ছু প্রিন্ট, প্লান্টের বর্ণনা, যন্ত্রপাতির বর্ণনা, উৎপাদিত পণ্য ও ব্যবহৃত উপকরণ সম্পর্কিত ঘোষণা ইত্যাদি);
- (জ) ব্যাংক একাউন্ট সম্পর্কে সংশ্লিষ্ট ব্যাংকের প্রত্যয়নপত্র/প্রত্যয়নপত্রের সত্যায়িত কপি;
- (ঝ) লিমিটেড কোম্পানীর জন্য মেমোরান্ডাম অব আর্টিকেলস, এসোসিয়েশন অব আর্টিকেলস এবং সার্টিফিকেট অব ইন্করপোরেশন, পার্টনারশীপ ব্যবসার ক্ষেত্রে অংশীদারীত্বের চুক্তিপত্র;
- (ঞ) জমির/বাড়ির/ভবনের/প্রাঙ্গণের মালিকানা বা ভাড়া সংক্রান্ত কাগজপত্র;
- (ঞও) কেন্দ্রীয় নিবন্ধন হলে সংশ্লিষ্ট সকল বিক্রয় কেন্দ্রে/শাখার তালিকা।

**৫। নিবন্ধন প্রদানের ক্ষেত্রে নিবন্ধনের আবেদনপত্র পাওয়ার পর বিভাগীয় দণ্ডের করণীয় কী?**

- (ক) নিবন্ধনের আবেদন পাওয়ার পর আবেদনে উল্লিখিত তথ্য ও সংযুক্ত দলিলাদির সত্যতা যাচাই এর জন্য বিভাগীয় দণ্ডের সকল দলিলাদির মূল ফর্দ দাখিল করার অভিপ্রায় ব্যক্ত করতে পারে।

(খ) নিবন্ধনের জন্য দাখিলকৃত তথ্য ও দলিলাদির সত্যতা যাচাই এর জন্য তদন্ত কার্যক্রম পরিচালনা করতে পারে।

(গ) নিবন্ধনের আবেদনে উল্লিখিত তথ্য ও দলিলাদি যাচাই এর পর আবেদনকারীকে মূসক নিবন্ধিত করা।

(ঘ) ২ (দুই) দিনের মধ্যে আবেদনকারীকে নিবন্ধিত করে নিবন্ধন পত্র ‘মূসক-৮’ প্রদান করা।

**৬। একইস্থানে একাধিক করযোগ্য কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে একাধিক নিবন্ধনের প্রয়োজন আছে কি?**

কোন মূসক আরোপযোগ্য পণ্য উৎপাদনস্থল বা সরবরাহস্থল বা সেবা প্রদানের স্থান বা আমদানি বা রঞ্জনির ব্যবসায়স্থল হতে একাধিক করযোগ্য পণ্য সরবরাহ বা সেবা প্রদানের বা আমদানি বা রঞ্জনির ক্ষেত্রে একটি মাত্র নিবন্ধনের প্রয়োজন হবে।

**৭। একই মালিকানাধীন ভিন্ন ভিন্ন স্থানের ব্যবসায়ের ক্ষেত্রে কয়টি নিবন্ধন পত্রের প্রয়োজন?**

একই মালিকানাধীন ভিন্ন ভিন্ন স্থানের ব্যবসায়ের ক্ষেত্রে কেন্দ্রীয় নিবন্ধন না নিলে প্রতিটি স্থানের জন্য পৃথক পৃথক নিবন্ধনপত্রের প্রয়োজন।

**৮। কেন্দ্রীয় নিবন্ধন কাদের ক্ষেত্রে প্রযোজ্য?**

সেবা প্রদানকারী ও ব্যবসায়ী (পাইকারী ও খুচরা বিক্রেতা) প্রতিষ্ঠান কর্তৃক নিজস্ব ব্যবস্থাপনায় একাধিক স্থান থেকে সেবা/ব্যবসায় কার্যক্রম পরিচালনা করার ক্ষেত্রে উক্ত প্রতিষ্ঠান প্রতিটি স্থানে পৃথকভাবে নিবন্ধন গ্রহণের পরিবর্তে যে কোন একটি স্থান হতে কর পরিশোধ ও যাবতীয় হিসাব সংরক্ষণ করার শর্তে কেন্দ্রীয় নিবন্ধন গ্রহণ করতে পারেন। তবে, করযোগ্য পণ্য উৎপাদনকারী প্রতিষ্ঠানের ক্ষেত্রে কেন্দ্রীয় নিবন্ধন প্রযোজ্য নয়।

#### ৯। কেন্দ্রীয় নিবন্ধনের আবেদন কার নিকট এবং কিভাবে দাখিল করা প্রয়োজন?

কেন্দ্রীয় নিবন্ধনের জন্য ফরম “মূসক-৬” ও আনুষঙ্গিক কাগজপত্রসহ জাতীয় রাজস্ব বোর্ডের মূসক অনুবিভাগে আবেদন করতে হবে। জাতীয় রাজস্ব বোর্ড থেকে অনুমতি/আদেশ পাওয়ার পর মূসক বিভাগীয় দপ্তর “মূসক-৮” এ কেন্দ্রীয় নিবন্ধন প্রদান করবে।

#### ১০। কেন্দ্রীয়ভাবে নিবন্ধিত ব্যক্তির করণীয় বিষয়াদি কি?

যে সাধারণ বা বিশেষ আদেশের মাধ্যমে কেন্দ্রীয় নিবন্ধন প্রদান করা হয় উক্ত আদেশে উল্লিখিত শর্তাদি এবং মূসক ব্যবস্থায় করণীয় বিষয়াদি যথাযথ প্রতিপালন করতঃ প্রদেয় রাজস্ব পরিশোধ করা কেন্দ্রীয়ভাবে নিবন্ধিত ব্যক্তির অপরিহার্য দায়িত্ব।

#### ১১। স্বেচ্ছা নিবন্ধন কি?

নিবন্ধনের বাধ্যবাধকতা না থাকা সত্ত্বেও মূসক নিবন্ধন গ্রহণই হলো স্বেচ্ছা নিবন্ধন। যেমন নিম্নলিখিত প্রতিষ্ঠানসমূহের ক্ষেত্রে নিবন্ধনের বাধ্যবাধকতা নাই। তথাপি তারা মূসক নিবন্ধন গ্রহণ করতে পারেন:

- (ক) করযোগ্য পণ্য/সেবা সরবরাহকারী যার বার্ষিক টার্ণওভারের পরিমাণ ৬০ (ষাট) লক্ষ টাকার নিম্নে;
- (খ) মূসক নিবন্ধন গ্রহণ থেকে অব্যাহতিপ্রাপ্ত যে কোনো পণ্য/সেবা সরবরাহকারী;
- (গ) কুটির শিল্পের আওতায় সুবিধা পাওয়ার যোগ্য প্রতিষ্ঠান।

স্বেচ্ছায় মূসক নিবন্ধন গ্রহণকারীকে মূসক আইনের সকল বিধি-বিধান প্রতিপালন করতে হবে, প্রযোজ্য কর যথাসময়ে পরিশোধ করতে হবে এবং যে কর মেয়াদ থেকে নিবন্ধিত হতে চান তার ৩০ দিন পূর্বে নিবন্ধনের জন্য আবেদন করতে হবে।

#### ১২। বাধ্যতামূলক নিবন্ধিতকরণ কি?

নিবন্ধন গ্রহণের বাধ্যবাধকতা থাকা সত্ত্বেও কোন ব্যক্তি/ প্রতিষ্ঠান নিবন্ধন গ্রহণ না করলে মূল্য সংযোজন কর কর্মকর্তা কর্তৃক উক্ত ব্যক্তি বা প্রতিষ্ঠানকে নিবন্ধিত করাই হল বাধ্যতামূলক নিবন্ধিতকরণ। মূসক বিভাগীয় কর্মকর্তা কোন ব্যক্তি বা প্রতিষ্ঠানকে নিবন্ধিত করে তাকে অবহিত করতে পারবেন। যেদিন হতে নিবন্ধিত হওয়ার বাধ্যবাধকতার উভ্ব হয়েছে সেদিন হতে উক্ত ব্যক্তি/ প্রতিষ্ঠান নিবন্ধিত বলে গণ্য হবেন।

#### ১৩। নিবন্ধনপত্র প্রদর্শনের বিধান কি?

- (ক) নিবন্ধনপত্রের একটি ছায়ালিপি করদাতার ব্যবসায় অঙ্গনে সহজে দৃষ্টিগোচর হয় এমন স্থানে সেঁটে রাখতে হবে;
- (খ) সাইনবোর্ড বা পরিচিতি ফলকে নিবন্ধন সংখ্যা দৃষ্টিগোচর হয় এমনভাবে লিপিবদ্ধ করতে হবে।

#### ১৪। কোন কোন ব্যক্তি/ প্রতিষ্ঠান নিবন্ধন থেকে অব্যাহতিপ্রাপ্ত?

- (ক) যে সকল ব্যক্তি/প্রতিষ্ঠান করযোগ্য নয় এমন পণ্য/সেবা (মূসক আইনের প্রথম তফসিলে বর্ণিত পণ্য এবং দ্বিতীয় তফসিলে বর্ণিত সেবা) সরবরাহ করে থাকে;
- (খ) যে সকল ব্যক্তি/প্রতিষ্ঠানের করযোগ্য পণ্য/সেবা (বাধ্যতামূলক নিবন্ধনের আওতাভূক্ত পণ্য/সেবা ব্যতীত) সরবরাহের ক্ষেত্রে বার্ষিক টার্ণওভার এর পরিমাণ ৬০ (ষাট) লক্ষ টাকার কম;
- (গ) সময়ে সময়ে প্রজ্ঞাপনজারীর মাধ্যমে নিবন্ধন থেকে অব্যাহতি প্রদত্ত আমদানি বা রাঙ্গানিকারক ব্যক্তি/প্রতিষ্ঠান। বর্তমানে আমদানির ক্ষেত্রে যারা মূসক নিবন্ধন গ্রহণ থেকে অব্যাহতি প্রাপ্ত তারা হলেন-
  - (১) বিদেশ থেকে আগত যাত্রীগণ;
  - (২) শিক্ষা প্রতিষ্ঠান ও সব সরকারী অফিস (উৎপাদনকারী প্রতিষ্ঠান ব্যতীত);

(৩) সকল দৃতাবাস, জাতিসংঘ ও উহার অঙ্গসংগঠনসমূহ, ইসলামী সম্মেলন সংস্থা, কূটনৈতিক মর্যাদা সম্পন্ন প্রতিষ্ঠান।

#### ১৫। নিবন্ধন সংক্রান্ত তথ্যের পরিবর্তনের ক্ষেত্রে করণীয় কী :

কোনো নিবন্ধিত ব্যক্তি/প্রতিষ্ঠান নিবন্ধন সংক্রান্ত যেকোনো তথ্যের (মূসক-৬ এবং মূসক-৭ এ বর্ণিত যে কোন তথ্যের) যেমন- প্রতিষ্ঠানের নাম, ঠিকানা পরিবর্তন বা ব্যবসায়িক কার্যক্রম সম্প্রসারণ বা যে কোন পরিবর্তন করার জন্য উক্ত পরিবর্তন কার্যকর করার পূর্বে নিম্নলিখিত শর্ত সাপেক্ষে মূসক বিভাগীয় দণ্ডের অনুমোদন গ্রহণ করবেন-

(ক) নিবন্ধন সংক্রান্ত তথ্যের পরিবর্তন সংক্রান্ত ফরম “মূসক-৯” (পরিশিষ্ট-‘৪) এ

অন্যন ১৪ দিন পূর্বে উক্ত আবেদন করতে হবে;

(খ) নিবন্ধন সংক্রান্ত তথ্যের পরিবর্তনের পূর্বে নিবন্ধিত ব্যক্তি কর্তৃক সমূদয় বকেয়া পাওনা (যদি থাকে) পরিশোধ করতে হবে;

(গ) সমূদয় বকেয়া/ পাওনা পরিশোধ সাপেক্ষে স্থানীয় মূসক কার্যালয়ের (সার্কেল দণ্ডের) সুপারিশের প্রেক্ষিতে বিভাগীয় কর্মকর্তা উক্ত পরিবর্তন অনুমোদনপূর্বক নতুন নিবন্ধন পত্র (মূসক-৮) প্রদান করবেন।

#### ১৬। কোন নিবন্ধিত ব্যক্তি/ প্রতিষ্ঠান তার ব্যবসায় কাজ পরিচালনা থেকে বিরত থাকতে চাইলে করণীয় কী?

কোনো নিবন্ধিত ব্যক্তি/প্রতিষ্ঠান তার ব্যবসায় কাজ পরিচালনা থেকে বিরত থাকতে চাইলে তিনি অন্যন ২৪ ঘন্টা পূর্বে স্থানীয় মূল্য সংযোজন কর স্থানীয় কার্যালয়কে তা অবহিত করবেন এবং মূসক কার্যালয় উক্ত ব্যক্তির/ প্রতিষ্ঠানের মজুত উপকরণ, তৈরি পণ্যের এবং দায়-দেনার বিবরণী তৈরি করবেন। তবে সাময়িক বিরত থাকার ক্ষেত্রে মূসক কার্যালয় মজুত উপকরণ ও পণ্যের হিসাব ২৪ ঘন্টার মধ্যে গ্রহণ করবেন।

#### ১৭। নিবন্ধনযোগ্য ব্যক্তি/ প্রতিষ্ঠান নিবন্ধন আবেদনে ব্যর্থ হলে কী হবে?

নিবন্ধনযোগ্য ব্যক্তি নিবন্ধন আবেদনে ব্যর্থ হলে, সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তা যথাযথ তদন্ত শেষে যদি এই মর্মে নিশ্চিত হন যে, উক্ত ব্যক্তির নিবন্ধিত হওয়ার আইনগত বাধ্যবাধকতা ছিল, সেই ক্ষেত্রে তিনি (বিভাগীয় কর্মকর্তা) উক্ত ব্যক্তিকে বাধ্যতামূলকভাবে নিবন্ধিত করে অবহিত করবেন। যথাসময়ে নিবন্ধন আবেদনে ব্যর্থতার জন্য আইন অনুযায়ী নিবন্ধনযোগ্য হওয়ার তারিখ থেকে বকেয়া কর আদায়সহ জরিমানা আরোপ করতে পারবেন।

#### ১৮। নিবন্ধনপত্র হারিয়ে গেলে বা বিনষ্ট হলে করণীয় কী?

নিবন্ধনপত্র হারিয়ে গেলে অথবা বিনষ্ট হলে প্রথমে সে বিষয়ে থানায় একটি সাধারণ ডায়েরী ও পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশ করতঃ উক্ত দলিলাদির অনুলিপিসহ ডুপ্লিকেট নিবন্ধন পত্রের জন্য সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তার নিকট আবেদন করতে হবে।

#### ১৯। মালিকানা হস্তান্তরের ক্ষেত্রে নিবন্ধিত ব্যক্তির অপরিশোধিত কর সম্পর্কে করণীয় কী?

নিবন্ধিত ব্যক্তি তাঁর ব্যবসায় প্রতিষ্ঠানের আওতাধীন কোন স্থাবর বা অস্থাবর সম্পত্তি বা মালিকানা হস্তান্তরের পূর্বে সরকারের পাওনা মূল্য সংযোজন কর বা, ক্ষেত্রমত মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক সম্পূর্ণরূপে পরিশোধ করবেন।

#### ২০। কি কি কারণে নিবন্ধন বাতিলের জন্য আবেদন করা যায়?

নিম্নলিখিত কারণে নিবন্ধন বাতিলের জন্য আবেদন করা যায়:

(ক) নিবন্ধিত ব্যক্তির করযোগ্য কার্যকলাপ বন্ধ হলে;

(খ) আইনের বিধান অনুযায়ী নিবন্ধিত ব্যক্তির কার্যকলাপ মূসক হতে অব্যাহতিপ্রাপ্ত হলে;

(গ) কোন নিবন্ধিত ব্যক্তির বার্ষিক টার্ণওভার ৬০(ষাট) লক্ষ টাকার কম হলে;

- (ঘ) নিবন্ধন গ্রহণ করার পর ব্যবসায় শুরু করতে ব্যর্থ হলে;
- (ঙ) স্বেচ্ছায় নিবন্ধিত ব্যক্তির নিবন্ধনের তারিখ হতে পরবর্তী এক বৎসরের টার্ণওভার ৬০(ষাট) লক্ষ টাকার কম হলে।

## ২১। নিবন্ধন বাতিলের পদ্ধতি কি?

- (ক) নিবন্ধন বাতিল করার ইচ্ছা ব্যক্ত করে নিবন্ধন বাতিল সংক্রান্ত ফরম “মূসক-১০” (পরিশিষ্ট-‘৫’) পূরণ করে ব্যবসা কার্যক্রম বন্ধ করার ১৪ (চৌদ্দ) দিনের মধ্যে সংশ্লিষ্ট রাজস্ব কর্মকর্তা (সার্কেল সুপারিশনেটেন্ডেন্ট) বরাবরে আবেদন দাখিল করতে হবে।
- (খ) উক্ত ব্যক্তি বা প্রতিষ্ঠানের নিকট সরকারী কোন দায়-দেনা না থাকলে রাজস্ব কর্মকর্তা নিবন্ধন বাতিলের আবেদনটি সুপারিশসহ বিভাগীয় কর্মকর্তার অনুমোদনের জন্য অগ্রায়ন করবেন। আবেদনকারী ব্যক্তি বা প্রতিষ্ঠানের নিকট সরকারী কোন পাওনা থাকলে তা’ আদায় সাপেক্ষে নিবন্ধন বাতিলের সুপারিশ করতে হবে।
- (গ) বিভাগীয় কর্মকর্তা উক্ত ব্যক্তির নিবন্ধিত থাকার বাধ্যবাধকতা নাই মর্মে সম্প্রস্ত হলে নিবন্ধন বাতিলের আদেশ প্রদান করবেন।
- (ঘ) কেন্দ্রীয় নিবন্ধনের ক্ষেত্রে কমিশনারের সুপারিশের ভিত্তিতে জাতীয় রাজস্ব বোর্ড নিবন্ধন বাতিলের আদেশ প্রদান করলে বিভাগীয় কর্মকর্তা নিবন্ধন বাতিল করবেন।

## ২২। কি কি কারণে মূসক কর্তৃপক্ষ নিবন্ধন বাতিল করতে পারেন?

- (ক) নিবন্ধন গ্রহণকালে অসত্য তথ্য প্রদান করলে;
- (খ) মূল্য সংযোজন কর আইনের ধারা ৩৭ এর উপর্যুক্ত (২) এবং ধারা ৩৮ এ বর্ণিত অপরাধ ১২ মাসে ২ বার করলে;

- (গ) মূল্য সংযোজন কর কর্তৃপক্ষের কাছ থেকে ২ বার নোটিশ পাওয়ার পরও করমেয়াদ সমাপ্তির তিন মাসের মধ্যে প্রদেয় কর পরিশোধ না করলে;
- (ঘ) কোন নিবন্ধিত প্রতিষ্ঠান ব্যবসার কার্যক্রম বন্ধ রাখলে তাকে যুক্তিসংগত সময়ের ব্যবধানে দুইবার নোটিশ প্রদান করে তার নিবন্ধন বাতিল করা যাবে।

## ২৩। নিবন্ধন বাতিলের পর করণীয় কী?

- (ক) নিবন্ধন বাতিল হলে নিবন্ধিত ব্যক্তি/ প্রতিষ্ঠান হিসেবে সকল কার্যক্রম ও মূসক দলিলাদি ব্যবহার বন্ধ করতে হবে।
- (খ) নিবন্ধন বাতিলের ৩০ দিনের মধ্যে কোন বকেয়া থাকলে তা পরিশোধ করে একটি চূড়ান্ত দাখিলপত্র পেশ করতে হবে।
- (গ) নিবন্ধন বাতিলের পর কোন ব্যক্তি/ প্রতিষ্ঠানের কাছে সরকারী পাওনা থাকলে তা তার কাছ থেকে এমনভাবে আদায় করা হবে যেন তিনি একজন নিবন্ধিত ব্যক্তি।
- (ঘ) নিবন্ধন বাতিলের পর নিবন্ধিত ব্যক্তির চলতি হিসাবে জের পাওনা থাকলে বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে তিনি তা ফেরত পাবেন।
- (ঙ) সরকারী পাওনা আদায়ের ক্ষেত্রে নিবন্ধন বাতিলের পরও একজন নিবন্ধিত ব্যক্তির ক্ষেত্রে প্রযোজ্য সকল আইন ও বিধি বিধান নিবন্ধন বাতিলকৃত ব্যক্তি/প্রতিষ্ঠানের ক্ষেত্রেও সমভাবে প্রযোজ্য হবে।

## ২৪। টার্ণওভার করের আওতায় কারা তালিকাভুক্ত হবেন?

- কোন করযোগ্য পণ্য সরবরাহকারী/ সেবা প্রদানকারী ব্যক্তি বা প্রতিষ্ঠানের (বাধ্যতামূলক নিবন্ধনের আওতাভুক্ত পণ্য/ সেবা ব্যতীত) বার্ষিক টার্ণওভার ৬০(ষাট)

লক্ষ টাকার নিম্নে হলে উক্ত ব্যক্তি বা প্রতিষ্ঠান ১৫% মূল্য সংযোজন করের পরিবর্তে  
৪% হারে টার্ণওভার কর প্রদানের জন্য তালিকাভুক্ত হবেন।

২৫। টার্ণওভার করের আওতায় তালিকাভুক্তির জন্য কোথায় কিভাবে আবেদন করতে হবে?  
বার্ষিক টার্ণওভার সম্পর্কিত ঘোষণা ‘মূসক-২খ’সহ (পরিশিষ্ট-৬) ‘মূসক-৬’ ফরমে  
সংশ্লিষ্ট মূসক বিভাগীয় দপ্তরে আবেদন করতে হবে। বিভাগীয় কর্মকর্তা আবেদন প্রাপ্তির  
৭ (সাত) দিনের মধ্যে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানকে তালিকাভুক্ত করে ‘মূসক-৮’ ফরমে  
তালিকাভুক্তির প্রত্যয়নপত্র প্রদান করবেন।

২৬। কুটির শিল্পের আওতায় কারা তালিকাভুক্ত হবেন?

- (ক) যে শিল্প প্রতিষ্ঠান Joint Stock Company নয়;
- (খ) যার প্ল্যাট, মেশিনারি ও যন্ত্রপাতিতে বিনিয়োগকৃত মূলধন বছরের যে কোন  
সময় ২৫ লাখ টাকার বেশী নয়; এবং
- (গ) যার বার্ষিক টার্ণওভার ৪০ লক্ষ টাকার বেশী নয় (প্রজ্ঞাপনে যে সব শিল্প  
প্রতিষ্ঠান কে কুটির শিল্পে তালিকাভুক্ত হওয়ার সুবিধা প্রদান করা হয় নাই সে  
সব শিল্প প্রতিষ্ঠান) তারা কুটির শিল্পের আওতায় তালিকাভুক্ত হতে পারবেন।

২৭। কুটির শিল্পের সুবিধার আওতায় তালিকাভুক্তির জন্য কোথায় কিভাবে আবেদন করতে  
হবে?

প্ল্যান্ট মেশিনারি ও ইকুইপমেন্টে বিনিয়োগ সংক্রান্ত ঘোষণা ফরম ছক-ক (পরিশিষ্ট-৭)  
পূরণ করে সংশ্লিষ্ট মূল্য সংযোজন কর কমিশনার বরাবরে মূসক-৬ ফরমে আবেদন  
করতে হবে। কমিশনার আবেদনের যথার্থতা যাচাইয়ের লক্ষ্যে তদন্ত করাবেন এবং  
তদন্ত প্রতিবেদনের ভিত্তিতে উপযুক্ত মনে করলে আবেদনকারীর অনুকূলে কুটির শিল্প  
হিসাবে তালিকাভুক্তির প্রত্যয়নপত্র প্রদান করার জন্য বিভাগীয় কর্মকর্তাকে নির্দেশ প্রদান  
করবেন। উক্ত নির্দেশ অনুযায়ী বিভাগীয় কর্মকর্তা ‘মূসক-৮’ ফরমে কুটির শিল্প হিসাবে  
তালিকাভুক্তির প্রত্যয়নপত্র প্রদান করবেন।

পরিশিষ্ট-‘১’

মূসক - ৬

Goverment Of The Peoples Republic Of Bangladesh  
National Board of Revenue  
Application Form for Registration / Enlistment  
(VAT/ Turnover Tax/ Cottage Industry)

Two Copies of attested  
Photograph of the  
Chairman/ Managing  
Director/ Proprietor and  
Authorised Signatory

1. Name of Organization / Individual


2. Type of Organization [ Use Tick mark ]

<input type="checkbox"/>	Corporate ( private)	<input type="checkbox"/>	Corporate ( Public)	<input type="checkbox"/>	Partnership	<input type="checkbox"/>	Proprietorship
--------------------------	-------------------------	--------------------------	------------------------	--------------------------	-------------	--------------------------	----------------

3 Name of Corporate or Group ( if Applicable)


4. Business Address

Phone															Fax				
E-mail Address																			

5. Factory Address

Phone															Fax				
E-mail Address																			

6. Head Office Address ( if any)

Phone															Fax				
E-mail Address																			

7. Permanent Address of the Chairman/ Managing Director/ Proprietor

Phone					Fax										
E-mail Address															

(if needed, please use separate sheet)

8. Bank Account No. of company/ Proprietor

A/C No.															
Bank Name															
Branch Name			Address												
E-mail Address															

9. Subsidiary Units (if any)

Sl. No	Name	Address	BIN

10. Taxpayer Classification [ Use Tick mark ( ✓) where applicable ]

Tax Category	Taxpayer Type	Other Information
Vat	Supplier ( Manufactutrer)	Trade Licence No: Authority : Fiscal Year :
	Supplier ( Trader)	
Turnover Tax ( Yearly/ Quarterly/ Monthly)	Service Renderer	Import Reg. No : (Put an "X" if exempted)
Cottage Industry	Importer	Export Reg No: (Put an "X" if exempted)
Other	Exporter	

11. Type of Registration :      Unit      Central ( Franchise)

12. TIN of the Chairman/Managing Director/Diorectors/Proprietor:

		---			---										
--	--	-----	--	--	-----	--	--	--	--	--	--	--	--	--	--

(if needed, please use separate sheet)

12a. TIN of the Company (if any)

		---			---										
--	--	-----	--	--	-----	--	--	--	--	--	--	--	--	--	--

13. Previous Registration / Enlistment Number ( if any)

--	--	--	--	--	--	--	--	--	--	--	--	--	--	--	--

(if needed, please use separate sheet)

14. National ID Number of the Chairman/Managing Director/Diorectors/Proprietor:

--	--	--	--	--	--	--	--	--	--	--	--	--	--	--	--

(if needed, please use separate sheet)

15. Item (s) to be produced and / or traded / Service (s) to be rendered :

Name	H. S. Code / Service Code	Probable yearly Turnover

(if needed, please use separate sheet)

**General Instruction**

1. Application form must be filled in capital letters.
2. Registration Number (BIN#) cannot be allotted unless this application form is properly filled in

I hereby declare that the information furnished above is true and complete.

Position / Title	Name/ Designation of Authorised Officer						
Date	Signature						

<b>For Official Use Only</b>									
<b>To be filled at the Issuing Office</b>									
Status of Application		New		Change	Close	BIN			
Effective Date of Registration									
Activity Code									
Application Category		Mandatory				Optional		Forced	
Circle Code									
Seal of the Office							Name / Designation of Authorised officer		
Date							Signature		

## আবেদনকারীর জন্য নির্দেশিকা

ক্রমিক নং	পূরণের বিষয়	পূরণের নির্দেশিকা
1.	Name of organization/ individual	ব্যবসায় প্রতিষ্ঠানের পূর্ণ নাম লিখিতে হইবে।
3.	Name of Corporate/ group (if applicable)	প্রতিষ্ঠানটি যদি কর্পোরেট অথবা ব্যবসায়িক গ্রুপ হয় তবে উভ কর্পোরেট অথবা গ্রুপের নাম স্পষ্টভাবে লিখিতে হইবে।
4.	Business Address	যে স্থানে করযোগ্য কার্যক্রম তথ্য, ব্যবসায় পরিচালনা করা হইতেছে সেই স্থানের পূর্ণ ঠিকানা, ইমেইল অ্যাড্রেস এবং টেলিফোন/ফ্যাক্স নম্বর স্পষ্ট অক্ষরে লিখিতে হইবে। বাড়ি বা হোল্ডিং নং, সড়ক ও এলাকার নাম, ডাকঘর, থানা ও জেলার নাম এবং পোস্ট কোড উল্লেখ করিতে হইবে।
5.	Factory Address	যে স্থানে পণ্যের উৎপাদন কার্যক্রম পরিচালনা করা হইতেছে সেই স্থানের পূর্ণ ঠিকানা, ইমেইল অ্যাড্রেস এবং টেলিফোন/ফ্যাক্স নম্বর স্পষ্ট অক্ষরে লিখিতে হইবে। বাড়ি বা হোল্ডিং নং, সড়ক ও এলাকার নাম, ডাকঘর, থানা ও জেলার নাম এবং পোস্ট কোড উল্লেখ করিতে হইবে।
6.	Head Office Address	যদি প্রতিষ্ঠানটি একক মালিকানাধীন হয় তবে করযোগ্য কার্যক্রম পরিচালনাকারী বা ব্যবসায়ীর স্থায়ী ঠিকানা ইমেইল অ্যাড্রেস এবং টেলিফোন/ফ্যাক্স নম্বর স্পষ্টভাবে লিখিতে হইবে। যদি প্রতিষ্ঠানটি কর্পোরেট বা ব্যবসায় গ্রুপ হইয়া থাকে, তাহা হইলে প্রতিষ্ঠানটির মূল তথ্য রেজিস্টার অফিসের পূর্ণ ঠিকানা এবং টেলিফোন/ফ্যাক্স নম্বর স্পষ্টভাবে লিখিতে হইবে।
7.	Permanent Address	প্রতিষ্ঠানটি ব্যাকি মালিকানাধীন হইলে মালিকের স্থায়ী ঠিকানা যেমন: গ্রাম, উপজেলা, ডাকঘর ও জেলা এবং লিমিটেড কোম্পানির ক্ষেত্রে চেয়ারম্যান/এমডি/ভাইরেন্টরগণের স্থায়ী ঠিকানা যেমন: গ্রাম, উপজেলা, ডাকঘর ও জেলা উল্লেখ করিতে হইবে। প্রয়োজনে পৃথক শিট ব্যবহার করা যাইবে।
8.	Bank Account No.	ব্যাকি মালিকানাধীন বা অংশীদারী প্রতিষ্ঠান হইলে মালিক ও অংশীদারগণের এবং লিমিটেড কোম্পানি হলে কোম্পানির তালিকাভুক্ত ব্যাংক বা ব্যাংকসমূহের হিসাব নম্বর উল্লেখকরিতে হইবে।
9.	Subsidiary Unit	একক মালিকানাধীন প্রতিষ্ঠানের ক্ষেত্রে উভ মালিক আরও যে সকল প্রতিষ্ঠানের মালিক সেই সকল প্রতিষ্ঠানের, প্রাইভেট লিমিটেড কোম্পানির ক্ষেত্রে পরিচালকবৃন্দের মালিকানাধীন/অংশীদারত্ত্বের সকল প্রতিষ্ঠানের এবং কর্পোরেট বা পাবলিক লিমিটেড কোম্পানির ক্ষেত্রে উভ কোম্পানির মালিকানাধীন সকল প্রতিষ্ঠানের তথ্য প্রদান করিতে হইবে। প্রয়োজনে আলাদা শিট ব্যবহার করা যাইবে।
10.	Taxpayer Classification	Tax Category-এর ডান পাশে একটি(✓) চিহ্ন ও Tax payer Type-এর ডান পাশেক ডান পাশে এক বা একাধিক (✓) চিহ্ন দিন। ট্রেড লাইসেন্স নম্বর ও অর্থবছর অবশ্যই লিখিতে হইবে। আমদানি বা রঙানি রেজিস্ট্রেশন হইতে অব্যাহতিপ্রাপ্ত হইবে রেজিস্ট্রেশন নম্বরের ডান পাশে একটি (✗) চিহ্ন দিতে হইবে।

12.	TIN	করযোগ্য কার্যক্রম পরিচালনাকারী বা করযোগ্য প্রতিষ্ঠানের চেয়ারম্যান/এমডি/ইডি/ভাইরেন্টরগণের আয়কর বিভাগ প্রদত্ত ব্যক্তি শ্রেণির TIN উল্লেখ করিতে হইবে। এ জন্য ১০টি ঘর রাখিয়াছে, এক একটি ঘরে এক একটি সংখ্যা লিখিতে হইবে। প্রয়োজনে পৃথক শিট ব্যবহার করা যাইবে।
12a.	TIN	করযোগ্য কার্যক্রম পরিচালনাকারী বা করযোগ্য প্রতিষ্ঠানের আয়কর বিভাগ প্রদত্ত TIN উল্লেখ করিতে হইবে। এ জন্য ১০টি ঘর রাখিয়াছে, এক একটি ঘরে এক একটি সংখ্যা লিখিতে হইবে। প্রয়োজনে পৃথক শিট ব্যবহার করা যাইবে।
14.	National ID Number	প্রতিষ্ঠানটি ব্যক্তি মালিকানাধীন বা অংশীদারী হইলে মালিকের জাতীয় পরিচয়পত্র নম্বর এবং লিমিটেড কোম্পানির ক্ষেত্রে চেয়ারম্যান/এমডি/ইডি/ভাইরেন্টরগণের জাতীয় পরিচয়পত্র নম্বর উল্লেখ করিতে হইবে। প্রয়োজনে পৃথক শিট ব্যবহার করা যাইবে।
15.	Item(s) to be produced and/or traded /Service(s) to be rendered	আবেদনকারী যে পণ্য উৎপাদন করেন বা যে পণ্যের ব্যবসায় করিয়া থাকেন অথবা যে সেবা প্রদান করিয়ে থাকেন তাহা উল্লেখ করিতে হইবে। টেবিলের ডান পার্শে “Probable Yearly Turnover” ঘরে সরবরাহকৃত পণ্য বা প্রদত্ত সেবার বিপরীতে প্রাণ্শীলিক মোট বার্ষিক বিক্রয়ের পরিমাণ লিখিতে হইবে। প্রয়োজনে পৃথক শিট ব্যবহার করা যাইবে।

মুসক-৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শুল্ক, আবগারী ও মূল্য সংযোজন কর কমিশনারেট, .....  
বিভাগঃ

মূল্য সংযোজন কর নিবন্ধনপত্র/টার্ণওভার কর তালিকাভুক্তি পত্র  
[বিধি ১১ দ্রষ্টব্য/বিধি ৪(২) দ্রষ্টব্য]

নামঃ

ঠিকানাঃ

TIN (যদি থাকে):

ফোন নম্বরঃ

পূর্ববর্তী BIN (যদি থাকে):

ফ্যাক্স নম্বরঃ

আপনাকে মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর অধীনে করদাতা হিসাবে  
..... তারিখ ইহিতে নিবন্ধিত/ টার্ণওভার কর/কুটির শিল্প তালিকাভুক্ত করা হইয়াছে।

আপনার ব্যবসার প্রকৃতিঃ

ব্যবসার কার্যক্রমঃ

কাজেই আপনাকে -

সকল করযোগ্য পণ্য সরবরাহ বা সেবা প্রদানের ক্ষেত্রে মূল্য সংযোজন কর বা, ক্ষেত্রমত, মূল্য সংযোজন কর ও  
সম্পর্ক শুল্ক, প্রদান করিতে হইবে;  
চলাতি হিসাবে সমর্থয় অথবা ট্রেজারী চালানের মাধ্যমে ট্রেজারী বা অনুমোদিত ব্যাংকে অর্থ জমা প্রদানের মাধ্যমে মূল্য  
সংযোজন কর/ সম্পর্ক শুল্ক/টার্ণওভার কর পরিশোধ করিতে হইবে; এবং  
যে কোন মাস সম্পর্কিত মূল্য সংযোজন কর দায়িত্বপত্র/ টার্ণওভার আইন ও বিধিমালা অনুযায়ী নির্ধারিত  
কর নেয়া [সমাপ্তির পর বিধি ৪ এর উপ-বিধি ৪৮ এবং বিধি ২৪ এর উপ-বিধি (১) এ উল্লিখিত সময়ের মধ্যে] পেশ  
করিতে হইবে।  
আপনার কর দাতা সনাক্তকরণ/তালিকাভুক্তি সংখ্যা ও এলাকা কোড নিচে উল্লেখ করা হইল :

[নিবন্ধন]/তালিকাভুক্তি সংখ্যা

এলাকা কোড



এই সংখ্যাসমূহ আপনার দ্বারা প্রদত্ত সকল চালানপত্রে এবং মূল্য সংযোজন কর কার্যালয়ের সহিত আপনার সকল  
যোগাযোগের ক্ষেত্রে উল্লেখ করিতে হইবে। আপনি মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ এবং মূল্য সংযোজন কর  
বিধিমালা, ১৯৯১ এর সকল বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করিতে বাধ্য থাকিবেন। এতদ্বিষয়ে কোন ব্যাখ্যা বা  
তথ্যের প্রয়োজন হইলে আপনি স্থানীয় মূল্য সংযোজন কর কার্যালয়ের সহিত অফিস চোকালে যে কোন সময়ে  
যোগাযোগ করিতে পরিবেন। আপনার নিবন্ধন/তালিকাভুক্তির আবেদন পত্রে প্রদত্ত তথ্য কোন পরিবর্তন হইলে তাহা  
[বিধি ১২ এর উপ-বিধি (১) এ উল্লিখিত সময়ের মধ্যে] সহজে মুসক অফিসকে যথাযথভাবে জানাইতে হইবে।

তারিখঃ

বিভাগীয় কর্মকর্তা/ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা”]

নামঃ	(স্থানীয় মূল্য সংযোজন কর কার্যালয় পূরণ করিবে)						
ঠিকানা (ব্যবসায়িক):	১। এলাকা কোডঃ						
স্থায়ী ঠিকানাঃ	২। কার্যক্রমের কোডঃ						
উৎপাদিত পণ্য ও উপকরণের বর্ণনা	৩। মানচিত্রের সাথে প্রকৃত স্থাপনা মিলাইয়া (ক) সঠিক পাওয়া গেল (খ) সঠিক পাওয়া গেল না						
উৎপাদিত পণ্যের নাম	৪। মানচিত্রের সাথে প্রকৃত স্থাপনা মিলাইয়া ৫। পণ্য ও উপকরণের ক্ষেত্রে নিয়ন্ত্রণ পরিবর্তনের সুপারিশ করা হইল:	একক	উপকরণের নাম	প্রতি একক উৎপাদনে প্রযোজনীয় পরিমাণ	ক্রমিক সংখ্যা	আপত্তি	সুপারিশ
তারিখঃ	.....						
নামঃ	.....						
(সংযোজনী)							
১। অংগন বর্ণনা (মানচিত্র)	প						
২। প্লাটের বর্ণনা (মানচিত্র)	প						
৩। যন্ত্রপাতির বর্ণনা (মানচিত্র)	প						
৪। যন্ত্রপাতি প্লাট, ফিটিংস এর ক্যাটালগ	প						
আমি ঘোষণা করিতেছি যে, ঘোষণার প্রদত্ত সকল তথ্যাদি সত্য ও সঠিক।							
তারিখঃ	.....						(করদাতার স্বাক্ষর)
অপর পৃষ্ঠায় দেখুন	প						

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জাতীয় রাজস্ব বোর্ড  
ঢাকা

মুসক-৯

ব্যবসায়ের স্থান বা পরিষিদ্ধির পরিবর্তনের আবেদনপত্র  
[বিধি ১২ দ্রষ্টব্য]

করদাতার জন্য নির্দেশাবলী					
<p>১। উৎপাদিত পণ্যের বর্ণনা ও উপকরণের ক্ষেত্রে করদাতা যে সকল পণ্য উৎপাদন করিতে চাহেন তাহাদের নাম ও একক লিখিবেন এবং উপকরণের ঘরে উক্ত পণ্যসমূহ উৎপাদনে যে সমস্ত উপকরণ প্রয়োজন তাহাদের মধ্যে যেগুলি গুরুত্বপূর্ণ সেইগুলির নাম লিখিবেন এবং প্রতি একক উৎপাদনে যে সকল উপকরণের প্রয়োজন তাহার পরিমাণ নির্দিষ্ট করিবেন।</p> <p>২। করদাতা যোষগাপত্রের সহিত সংযোজন হিসাবে প্রস্তুতকারীর বা উৎপাদনকারীর ক্ষেত্রে যন্ত্রপাতির অবস্থান এবং সেবা প্রদানকারীর ক্ষেত্রে অঙ্গনের অভ্যন্তরের বিন্যাস প্রদর্শনপূর্বক মানচিত্র এবং যন্ত্রপাতি, প্লান্ট, ফিটিংস, এর ক্যাটালগ দাখিল করিবেন।</p>					
(বিভাগীয় কর্মকর্তার দণ্ডের পূরণ করিবে)					
<p>১। দাখিলকৃত ঘোষণায় কোন আপত্তি না থাকায় অনুমোদন করা হইল। <span style="float: right;">II</span></p> <p>২। দাখিলকৃত ঘোষণায় নিম্নলিখিত পরিবর্তন করা হইল :</p>					
ক্রমিক সংখ্যা	পরিবর্তন	মন্তব্য	ক্রমিক সংখ্যা	পরিবর্তন	মন্তব্য
<p>৩। নিবন্ধনপত্র প্রদান করা হইল।</p> <p style="text-align: center;">..... (বিভাগীয় কর্মকর্তার স্বাক্ষর) নামঃ .....</p> <p>তারিখঃ :</p> <p style="text-align: center;">(অফিসের ব্যবহারের জন্য)</p>					

<p>আবেদনের তারিখঃ ..... করদাতা সনাক্তকরণ সংখ্যাঃ ..... কার্যক্রমের কোডঃ ..... নামঃ ..... বর্তমান ঠিকানাঃ ..... নতুন ঠিকানা (প্রযোজ্য ক্ষেত্রে)ঃ ..... ..... পরিবর্তন সম্পর্কিত তথ্য</p>		<p>(বর্তমান হানীয় মূল্য সংযোজন কর কার্যালয় পূরণ করিবে)</p> <p>১। দাখিলকৃত আবেদনে কোন আপত্তি নাই বিধায় আবেদন গ্রহণের সুপারিশ করা হইল <span style="float: right;">II</span></p> <p>২। নিম্ন লিখিত বিষয়ে আপত্তি আছে :</p> <table border="1" style="width: 100%;"> <tr> <td>প্রযোজ্য ক্রমিক সংখ্যা</td> <td>সুপারিশ</td> </tr> <tr> <td>.....</td> <td>.....</td> </tr> </table>		প্রযোজ্য ক্রমিক সংখ্যা	সুপারিশ	.....	.....
প্রযোজ্য ক্রমিক সংখ্যা	সুপারিশ						
.....	.....						
ক্রমিক	ধরণ	প্রত্যাবিত	কারণ				
			<p>অপর পাতায় দেখুন</p> <p>৩। প্রস্তাবিত হানের এলাকা কোডঃ <span style="float: right;">II</span></p> <p>৪। আবেদনপত্র প্রস্তাবিত হানের সংশ্লিষ্ট স্থানের সংযোজন কর কার্যালয়ে প্রেরিত হইল <span style="float: right;">II</span></p> <p>তারিখঃ ..... <span style="float: right;">রাজস্ব কর্মকর্তা এর স্বাক্ষর নামঃ.....</span></p> <p>(স্থান পরিবর্তনের ক্ষেত্রে নতুন স্থানের সংযোজন কর কার্যালয় পূরণ করিবে)</p> <p>এলাকা কোডঃ      ১। আবেদনপত্রটি প্রাপ্তির তারিখ:      ২। দাখিলকৃত মানচিত্রের সহিত প্রস্তাবিত হানের স্থাপনা মিলাইয়া সঠিক পাওয়া গেল <span style="float: right;">II</span>      ৩। প্রস্তাবিত হান ও দাখিলকৃত ঘোষণায় নিচলিষিত বিষয়ে আপত্তি আছে <span style="float: right;">II</span></p> <table border="1" style="width: 100%;"> <tr> <td>প্রযোজ্য ক্রমিক সংখ্যা</td> <td>সুপারিশ</td> </tr> <tr> <td>.....</td> <td>.....</td> </tr> </table>	প্রযোজ্য ক্রমিক সংখ্যা	সুপারিশ	.....	.....
প্রযোজ্য ক্রমিক সংখ্যা	সুপারিশ						
.....	.....						
<p>সংযোজনী</p> <p>১। পরিবর্তিত হানের মানচিত্র <span style="float: right;">II</span></p> <p>২। পরিবর্তিত অঙ্গনের বর্ণনা <span style="float: right;">II</span></p> <p>৩। পরিবর্তিত যন্ত্রপাতি প্লান্টের বর্ণনা <span style="float: right;">II</span></p> <p>৪। প্রস্তাবিত যন্ত্রপাতি প্লান্টের ক্যাটালগ <span style="float: right;">II</span></p> <p>৫। মজুদ উপকরণ ও উৎপাদিত পণ্যের বিবরণ <span style="float: right;">II</span></p> <p>আমি ঘোষণা করিতেছি যে, আবেদনে প্রদত্ত সকল তথ্যটি সত্য ও সঠিক তারিখঃ ..... করদাতার স্বাক্ষর</p>		<p>অপর পাতায় দেখুন <span style="float: right;">II</span></p> <p>তারিখঃ ..... <span style="float: right;">রাজস্ব কর্মকর্তা এর স্বাক্ষর নামঃ.....</span></p>					

## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জাতীয় রাজস্ব বোর্ড

চাকা।

মুসক-১০

মূল্য সংযোজন কর নিবন্ধন বাতিলের আবেদনপত্র  
[ বিধি ১৫ দ্রষ্টব্য ]

করদাতার জন্য নির্দেশাবলী	
১। করদাতা সনাক্তকরণ সংখ্যা, কার্যক্রমের কোড, এলাকা কোড, ঠিকানা নিবন্ধনপত্রে উল্লিখিত তথ্যের ভিত্তিতে সঠিকভাবে লিখিতে হইবে।	
২। করদাতা যেই বিষয়টি পরিবর্তন করিতে চাহেন উহা ক্রমিক সংখ্যাসহ ধরণ-কলামে লিখিত হইবে এবং প্রতিবিত্ত পরিবর্তন ও সংশ্লিষ্ট কারণ পরবর্তী কলামদ্বয়ে লিখিতে হইবে।	
৩। আবেদনে উল্লিখিত সংযোজনীয় সমূহের যেগুলি করদাতার ক্ষেত্রে প্রযোজ্য সেইগুলি তিনি সংযুক্ত করিবেন। তবে তাহার ব্যবসায় অঙ্গনের ঠিকানা পরিবর্তিত হইলে তাহাকে নতুন অঙ্গনের মানচিত্র দাখিল করিতে হইবে।	
৪। উল্লেখ যে, করদাতা যদি তাহার পরিস্থিতির ( যথাঃ নাম, ঠিকানা ( স্থান পরিবর্তন নয় ) অঙ্গন, প্লাট, মেশিনারী, যন্ত্রপাতি, উৎপাদন প্রক্রিয়া বা উৎপাদিত পণ্ডের ধরনের পরিবর্তন করিতে চাহেন তবে এই ধরনের পরিবর্তনের ১৪ দিনের মধ্যে কর কার্যালয়কে পরিবর্তিত বিষয়টি অবহিত করিবেন।	
৫। ব্যবসায় অঙ্গনের ঠিকানা পরিবর্তন করিতে হইলে এবং উহার অবস্থান যদি ডিজন স্থানীয় মূল্য সংযোজন কর কার্যালয়ের অধিক্ষেত্রে হয় তাহা হইলে উভয় কার্যালয়কে এই পরিবর্তন সম্পর্কে অবহিত করিতে হইবে।	

(বিভাগীয় দশ্তর পূরণ করিবে)

- ১। দাখিলকৃত আবেদনে কোন আপত্তি না থাকায় অনুমোদিত হইল
- ২। নিম্নলিখিত বিষয় সংশোধন পূর্বে আবেদনে অনুমোদিত হইলঃ

প্রযোজ্য ক্রমিক নং	পুনঃনির্ধারণ/মন্তব্য	প্রযোজ্য ক্রমিক নং	পুনঃনির্ধারণ/মন্তব্য	বিভাগীয় কর্মকর্তার স্বাক্ষর নামঃ .....  তারিখঃ .....

(অফিসের ব্যবহারের জন্য)

(হানীয় মূল্য সংযোজন কর কার্যালয়ে পূরণের জন্য) অন্য কোন মন্তব্য যদি থাকে ..... অপর পুঁতায় দেখুন <input type="checkbox"/>	আমি ঘোষণা করিতেছি যে, এই আবেদনপত্রে প্রদত্ত সকল তথ্যাদি সত্য ও সঠিক ..... তারিখঃ করদাতা/ব্যবস্থাপনা কর্তৃপক্ষের স্বাক্ষর	মজুদ উৎপাদিত পণ্ডের নাম	পরিমাণ	মূল্য	প্রদেয় কর
(হানীয় মূল্য সংযোজন কর কার্যালয়ে পূরণের জন্য) অন্য কোন মন্তব্য যদি থাকে ..... অপর পুঁতায় দেখুন <input type="checkbox"/>	তারিখঃ রাজস্ব কর্মকর্তা এর নামঃ				

মুসক-২খ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জাতীয় রাজ্য বোর্ড

চাকা

টার্ণওভার সংক্রান্ত বার্ষিক ঘোষণা

[বিধি৪(২ক)দ্বষ্টব্য]

(প্রথম ও দ্বিতীয় অনুলিপিসহ দাখিলযোগ্য)

## করদাতার জন্য নির্দেশাবলী

- ১। করদাতা তাহার সনাত্তকরণ সংখ্যা, এলাকা কোড, নাম, ও ঠিকানা তাহার নিবন্ধনপত্র অনুসারে সঠিকভাবে পূরণ করিবেন।
- ২। নিবন্ধন বাতিলের আবেদনের কারণ এর অৎশে যে কারণে করদাতা নিবন্ধন বাতিল করিতে চাহেন সেই বর্ণিত কারণের পার্শ্বে রাখিত ঘরে (✓) চিহ্ন প্রদান করিবেন।

## (বিভাগীয় কর্মকর্তার দণ্ডর পূরণ করিবে)

- ১। স্থানীয় মূল্য সংযোজন কর কার্যালয় কর্তৃক ১ম সুপারিশের ভিত্তিতে নিবন্ধন বাতিল করা হইল।
- ২। নিরীক্ষা হিসাব অনুসারে আপনাকে ..... টাকা পরিশোধ করিতে নির্দেশ দেওয়া হইল।
- ৩। নিরীক্ষা হিসাব অনুসারে আপনাকে ..... টাকা ফেরত প্রদানের অনুমতি দেওয়া হইল।
- ৪। আপনি [আইনের] ধারা ৮ মোতাবেক টার্ণওভার কর পরিশোধ করিবেন।

৫। ..... ইঁ তারিখের মধ্যে চূড়ান্ত মূল্য সংযোজন কর দাখিলপত্র জমা দিবেন।

৬। আপনার আবেদন নিম্নোক্ত কারণে বাতিল করা হইল:

.....

.....

## বিভাগীয় কর্মকর্তার স্বাক্ষর

তারিখঃ .....

নামঃ .....

## অফিসের ব্যবহারের জন্য

উৎপাদিত পণ্য বা পণ্য সমূহের নাম	পণ্যের একক	পণ্য উৎপাদনে ব্যবহার উপকরণ সমূহের নাম	একক পণ্য উৎপাদনে ব্যবহৃত পরিমাণ (বৈজ্ঞানিক অপচয়ের পরিমাণ উল্লেখ করিতে হইবে।)	একক পণ্য উৎপাদনে ব্যবহৃত সর্বমোট মূল্য	প্রতি একক পণ্য উৎপাদনের সাথে সম্পৃক্ত অন্যান্য ব্যয় (পরিবহন ব্যয়, পণ্যগ্রাহক ভাড়া, বিদ্রং গ্যাস, অপচয়ের পরিমাণ উল্লেখ করিতে হইবে।)	পূর্ববর্তী বছরের অন্যান্য সকল ব্যয় (পরিবহন ব্যয়, পণ্যগ্রাহক ভাড়া, বিদ্রং গ্যাস, টেলিফোন ইত্যাদি ব্যবহৃত ব্যয়, ব্যাংক ও বীমা খরচ, কমিশন, বেতন, মুনাফা ইত্যাদি)	উৎপাদন কর্তা (এতি ঘন্টায়) ৮ × ৮টা × ৩০০ দিন)	বার্ষিক উৎপাদন ক্ষমতা (কলাম ৮ + কলাম ৬) × ৯।	প্রাক্তিক টার্ণওভার [কলাম ৫ + কলাম ৬] × ৯।
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০
.....	.....	.....	.....	.....	.....	.....	.....	.....	.....

১০) বর্তমান বৎসর (-----) এর টার্ণওভার (প্রাক্তিক) :

(১১) পূর্ববর্তী বৎসরের মোষ্ঠিত টার্ণওভার :

(১২) পূর্ববর্তী বৎসরের প্রকৃত টার্ণওভার :

(১৩) পূর্ববর্তী বৎসরের প্রদত্ত করের পরিমাণ :

(১৪) নির্বাচিত কর প্রদান পদ্ধতি: (যে কোনো একটিতে (✓) চিহ্ন দিতে হইবে)

(ক) বার্ষিক একাকালীন  ত্রৈমাসিক  মাসিক 

(খ) প্রদেয় করের পরিমাণ:

১৫) টিআইএন (যদি থাকে) :

.....	-	.....	-	.....
-------	---	-------	---	-------

(১৬) জাতীয় পরিচয়পত্র নম্বর:

.....	.....	.....	.....	.....	.....	.....
-------	-------	-------	-------	-------	-------	-------

আমি এইর্মে ঘোষণা করিতেছি যে, উপরে বর্ণিত সকল তথ্য সত্য ও নির্ভুল।

তাৎক্ষণ্যে.....

আবেদনকারীর স্বাক্ষর

[বিভাগীয় কর্মকর্তা পুরণ করিবে]

প্রদত্ত ঘোষণায় কোন আপত্তি নাই বিধায় প্রথম অনুলিপি গঢ়ীত হইল এবং দ্বিতীয় অনুলিপি তালিকাভুক্ত ব্যক্তিকে ফেরত প্রদান করা হইল।

[বিভাগীয় কর্মকর্তা]

পরিশিষ্ট- '৭'

চুক্তি-ক

প্ল্যান্ট, মেশিনারি ও ইকুইপমেন্টে বিনিয়োগ সম্পর্কিত ঘোষণা [বৎসরওয়ারী]

[শর্ত নং ১(খ) দ্রষ্টব্য]

১। (ক) প্ল্যান্ট, মেশিনারি ও ইকুইপমেন্টের নাম, মডেল :

(খ) প্ল্যান্ট, মেশিনারি ও ইকুইপমেন্টের ত্বর্যমূল্য :

(গ) ক্রয়ের বৎসর :

প্ল্যান্ট, মেশিনারি ও ইকুইপমেন্ট স্থানীয় বাজার হইতে ক্রয়ের/আমদানির স্বপক্ষে প্রামাণিক কাগজপত্র সংযুক্ত করিতে হইবে।

২। উৎপাদিত পণ্যসমূহের নাম :

৩। অন্যের ব্র্যান্ড নামযুক্ত কোনো পণ্য উৎপাদিত হয় কিনা :

৪। বিগত এক বৎসরে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের টার্নওভারের পরিমাণ :

[আবেদনকারীর নাম ও স্বাক্ষর]

এ পুস্তিকার কোন বক্তব্য বা পরিভাষা বিদ্যমান মূল্য সংযোজন কর আইন ও এর বিধিবিধানের সাথে অসঙ্গতিপূর্ণ বলে প্রতীয়মান হলে আইন ও বিধিবিধানের পরিভাষাই প্রাধিকার পাবে। এ বিষয়ে আরো কোন তথ্য জানার প্রয়োজন হলে সংশ্লিষ্ট মূসক স্থানীয় কার্যালয় (সার্কেল), বিভাগীয় দপ্তর, কমিশনারেটের সদর দপ্তর, নিকটস্থ মূল্য সংযোজন কর কার্যালয় বা জাতীয় রাজস্ব বোর্ডের মূসক অনুবিভাগের কেন কর্মকর্তার সাথে যোগাযোগ করা যেতে পারে।

জাতীয় রাজস্ব বোর্ড, মূল্য সংযোজন কর অনুবিভাগ, রাজস্ব ভবন, সেগুনবাগিচা, ঢাকা।	ফোনঃ ৯৩৩০৬৬২, ৮৩৬১৪৩২, ৯৩৫২৫৩০, ৯৩৫৮৭২৮, ৮৩২২৬৯৯ পিএবিএক্সঃ ৮৩১৮১২০-২৬ ফ্যাক্সঃ ৮৩১৬১৪৩
বৃহৎ করদাতা ইউনিট (LTU), মূল্য সংযোজন কর, ৬ষ্ঠ তলা, দ্বিতীয় ১২ তলা সরকারী অফিস ভবন, সেগুনবাগিচা, ঢাকা।	ফোনঃ ৯৩৬২৯৬২, ৯৩৬২৯৬৩, ৯৩৬২৯৬৪, ৯৩৬২৯৬৫ ফ্যাক্সঃ ৯৩৬২৯৬০
শুল্ক, আবগারী এবং মূসক, ঢাকা (দক্ষিণ) কমিশনারেট, ১৬০/এ, আইডিইবি ভবন (৪র্থ ও ৫ম তলা), কাকরাইল, ঢাকা।	ফোনঃ ৮৩৫৫৯৬৪, ৯৩৭২৪৪৫, ৯৩৪০১২৪, ৯৩৫১৬৯৬ পিএবিএক্সঃ ৮৩১১৮১১-৮ ফ্যাক্সঃ ৮৩১৫৪৫৯
শুল্ক, আবগারী এবং মূসক, ঢাকা (উত্তর) কমিশনারেট, বাড়ী-০৬, সোনারগাঁও জনপথ রোড, সেক্টর-১১, উত্তরা, ঢাকা।	ফোনঃ ৮৯৬৩১১৫, ৮৯৬৩১১৬, ৮৯৬৩১১৮, ৮৯১১৬৪৯ ফ্যাক্সঃ ৮৯১৩৪৩৩
শুল্ক, আবগারী এবং মূসক, চট্টগ্রাম কমিশনারেট, সিজিও বিল্ডিং নং-১, আগ্রাবাদ বা/এ, চট্টগ্রাম-৪১০০।	ফোনঃ ২৫২৪০৩৭, ৭২১৪৩২, ৭২৩১৩৩, ৭২৪০৮৬ ফ্যাক্সঃ ৭১৫৮০৮
শুল্ক, আবগারী এবং মূসক, রাজশাহী কমিশনারেট, বাড়ী নং-১৯৬, সেক্টর-০২, রাজশাহী হাউজিং এস্টেট, উপশহর, রাজশাহী।	ফোনঃ ৮৬১১০১, ৮৬১১০৫, ৮৬১১০৩, ৮৬১১০৬ ফ্যাক্সঃ ৭৬১৭১৯
শুল্ক, আবগারী এবং মূসক, সিলেট কমিশনারেট, বাড়ী নং-১৯, রোড-১৪/২৪, ব্লক-ডি, শাহজালাল উপশহর, সিলেট।	ফোনঃ ২৮৩০৭৪১, ৮১০০৮৩, ৮১০০৮১ ফ্যাক্সঃ ২৮৩১৫৯৬
শুল্ক, আবগারী এবং মূসক, খুলনা কমিশনারেট, খালিশপুর, খুলনা।	ফোনঃ ৭৬১৭০৩, ৭৬২৪২৮, ৮৬১২১৬ ফ্যাক্সঃ ৭৬২৫৯৪
শুল্ক, আবগারী এবং মূসক, যশোর কমিশনারেট, ভোলা ট্যাঙ্ক রোড, যশোর।	ফোনঃ ৬৮৪৮৩৪, ৬৮৪৮৩৫ ফ্যাক্সঃ ৬৩৪০৫।